গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.ramgarh.khagrachhari.gov.bd

নম্বর: ০৫.৪২.৪৬৮০.০০০.০০০.৩২.০০৩৫.২৬-১১৪৫ তারিখ: ০৬ আগস্ট ২০২৬

বিজ্ঞপ্তি

ফ্যামিলি কার্ড খানা তথ্য ভাণ্ডার (Household Database) এর আওতায় তথ্য সংগ্রহ, ২০২৬ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার রামগড় উপজেলা ও রামগড় পৌরসভায় স্বেচ্ছাসেবী (তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) নিয়োজিতকরণের জন্য ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমান তালিকা এবং সংশ্লিষ্ট শর্তাবলী প্রকাশ করা হলো।

২। এই ফলাফল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামগড়, খাগড়াছড়ির নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.ramgarh.khagrachhari.gov.bd) এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, রামগড়, খাগড়াছড়ির নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.dss.ramgarh.khagrachhari.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি: (১) শর্তাবলী - ০২ (দুই) পাতা
(২) রেজাল্ট শীট - ০৪ (চার) পাতা

কাজী শামীম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ফ্যামিলি কার্ড খানা তথ্য ভান্ডার এর আওতায় তথ্য
সংগ্রহ, ২০২৬
রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং খাগড়াছড়ি পার্বত্য জেলা;
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা;
৩। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ;
৪। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড কর্মসূচি;
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা;
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা;
৭। জনাব ...., রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা;
৮। নোটিশ বোর্ড;
৯। অফিস কপি।

শর্তাবলী

(১) স্বেচ্ছাসেবীদের এ মনোনয়ন সম্পূর্ণরূপে অস্থায়ী, যা কেবল ফ্যামিলি কার্ড খানা তথ্যভাণ্ডার (Household Database) এর আওতায় তথ্য সংগ্রহকালীন সময় বলবৎ থাকবে;

(২) এই মনোনয়ন কোনো আবেদনকারীকে স্বেচ্ছাসেবী হিসেবে নিয়োজিতকরণে মনোনয়নের ফলে নিরঙ্কুশ নিশ্চয়তা প্রদান করবে না বা এ মনোনয়নের ফলে কোনো নিরঙ্কুশ অধিকার জন্মাবে না;

(৩) সাময়িকভাবে নির্বাচিত, রিজার্ভ ও অপেক্ষমানদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় "ফ্যামিলি কার্ড খানা তথ্যভাণ্ডার (Household Database) তথ্য সংগ্রহ নির্দেশিকা, ২০২৬" এবং ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা অনুসারে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে;

(৪) রিজার্ভ/অপেক্ষমান তালিকায় থাকা মানেই মূল দায়িত্বে নিয়োজিতকরণের নিশ্চয়তা নয়; এটি কেবল আপদকালীন বা বিশেষ জরুরি পরিস্থিতিতে অতিরিক্ত জনবল নিয়োজিতকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা মাত্র; রিজার্ভ/অপেক্ষমান তালিকা হতে জনবল মাঠে নিয়োজিতকরণের প্রয়োজন হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে তথ্য সংগ্রহ ও সুপারভিশনের কাজে নিয়োজিত করা হবে;

(৫) সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা করা বাধ্যতামূলক;

(৬) তথ্য সংগ্রহকালে বা পরবর্তীতে কোন অসদাচরণ বা নিয়োজিতকরণের কোন শর্ত লংঘন প্রমাণিত হলে এ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

(৭) নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যর্থ হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোনো সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, চাকরি সংক্রান্ত তথ্যাদি, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা প্রতারণামূলক বা প্রত্যয়ন প্রদান করেননি মর্মে প্রমাণিত হলে তাৎক্ষণিক মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(৮) তথ্য সংগ্রহ কার্যক্রম শেষে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারানো বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবীর নিকট হতে বিধি/নীতিমালা/নির্দেশিকা মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা হবে;

(৯) তথ্য সংগ্রহ কাজে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানীর বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে। রিজার্ভ বা অপেক্ষমান স্বেচ্ছাসেবীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লেখিত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(১০) তথ্য সংগ্রহ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবি করা যাবে না;

(১১) তথ্য সংগ্রহ ও সুপারভিশনের জন্য দৈনিক ০৮ (আট) ঘণ্টা বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের জন্য কাজে সম্পৃক্ত থাকতে হবে;

(১২) নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণরূপে নিষিদ্ধ;

(১৩) কোনো পর্যায়ে বিধি বহির্ভূত কোনো কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল এবং রিজার্ভ/অপেক্ষমান তালিকা হতে প্রতিস্থাপনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(১৪) নিয়োজিত সকল স্বেচ্ছাসেবীকে (তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার) উপজেলা কমিটি কর্তৃক মনোনীত যে কোনো ইউনিয়ন/ওয়ার্ডে (দুর্গম ইউনিয়ন/এলাকাসহ) দায়িত্ব পালন করতে হবে;

(১৫) দায়িত্ব/এলাকা বন্টনের সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনো 'পছন্দ' নেওয়া যাবে না;

(১৬) দুর্গম এলাকায় দায়িত্ব পালনে অপারগ হলে তাৎক্ষণিক মনোনয়ন বাতিল এবং রিজার্ভ/অপেক্ষমান তালিকা হতে নিয়োজিতকরণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(১৭) মনোনীত প্রার্থীদের (প্রাথমিকভাবে নির্বাচিত ও রিজার্ভ) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

(১৮) তথ্য সংগ্রহকালে বা তৎপরবর্তীতে কোনো খানা প্রধান বা পরিবারকে ফ্যামিলি কার্ড প্রদানের প্রতিশ্রুতি বা নিশ্চয়তা দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধা দাবি কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরনের কোনো অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১৯) কারও বিরুদ্ধে কোনো ফৌজদারি অপরাধ/রাষ্ট্রবিরোধী কার্যক্রমে লিপ্ত থাকার প্রমাণ পাওয়া গেলেই এ মনোনয়ন বাতিলসহ সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি-বিধান মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হবে;

(২০) প্রকাশিত ফলাফলে কোনো ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন; এবং

(২১) কর্তৃপক্ষ কোনো কারণ ব্যাখ্যা ছাড়াই যে কোনো মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।